



বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-০৯

তারিখ : ২১ শ্রাবণ, ১৪১৯  
০৫ আগস্ট, ২০১২

প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী।

ঈদ-উল-ফিতর এর পূর্বে সাপ্তাহিক ছুটির দিন শনিবার  
সকল তফসিলি ব্যাংকের শাখা খোলা রাখা প্রসঙ্গে।

**Opening of Branches/Specific branches of all the Sheduled  
banks on Saturday (the weekly holiday) before Eid-ul-Fitr.**

প্রিয় মহোদয়,

অত্র ডিপার্টমেন্ট কর্তৃক জারিকৃত ০৭-১২-২০০৬ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-১৮ মোতাবেক দেশের বৈদেশিক বাণিজ্য লেনদেনের সুবিধার্থে বিমান, সমুদ্র/নৌ ও স্থল বন্দরস্থ বাণিজ্যিক ব্যাংকগুলোর বৈদেশিক মুদ্রা লেনদেনকারী সব শাখা সাপ্তাহিক ছুটির দিন শুক্র ও শনিবার খোলা রাখা এবং দেশের অপরাপর স্থানে অবস্থিত আমদানী-রপ্তানী বাণিজ্য লেনদেন সংশ্লিষ্ট অন্যান্য অথরাইজড ডিলার শাখাগুলোর মধ্যে যে সব শাখা খোলা রাখা প্রয়োজন সে সব শাখা ব্যাংকগুলো স্বীয় বিবেচনায় শনিবার খোলা রাখার নির্দেশনা বলবৎ আছে।

এছাড়া, আসন্ন ঈদ-উল-ফিতরের পূর্বে লেনদেনের সুবিধার্থে আগামী ১৮ আগস্ট/২০১২ শনিবার যথাযথ নিরাপত্তা নিশ্চিত করে ব্যাংকসমূহ তাদের স্বীয় বিবেচনায় সকল অথবা সুনির্দিষ্ট কিছু শাখা খোলা রাখবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/-

( মোঃ ইব্রাহিম ভূঁইয়া )

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২০৭